

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৩০০.২৭.৪৭৮.২৩.২৮১

তারিখ: ৬০ চৈত্র ১৪২৯  
২৬ তম্বিন ২০২৩


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এস এম কামরুজ্জামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বিভাগীয় মামলা (২য় শ্রেণী/বিমা-০৭/২৩/৬৬) রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, দাখিলকৃত জবাব, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, সংশ্লিষ্ট নথি এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় সার্বিক বিবেচনায় ভবিষ্যতে সরকারি দায়িত্ব আরও সতর্কতার সাথে পালন করার নিমিত্ত তাকে সতর্কপূর্বক অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে, জনাব এস এম কামরুজ্জামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা কে ভবিষ্যতের জন্য সতর্ক করে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদান করা হলো।



শাহ রেজওয়ান হায়াত

মহাপরিচালক (শ্রেণি-১)

টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭


ই-মেইল: [dgprimarybd@gmail.com](mailto:dgprimarybd@gmail.com)

স্মারক নম্বর : ৩৮.০১.০০০০.৩০০.২৭. ৪৭৮.২৩. ২৮১/২২

তারিখ: ৬০ চৈত্র ১৪২৯  
২৬ তম্বিন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৬. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৮. উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
৯. জনাব এস এম কামরুজ্জামান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১০. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।



ড. নাহিমা বেগম  
উপপরিচালক (তঃ ও শৃঃ)

ফোন: ৫৫০৭৪৯৫৫